গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় রাজশাহী

নোটিশ : ৩৪- ২০২৫/শিকশি

১১ আগস্ট ২০২৫ সোমবার

১. আসছে ১৭ আগস্ট ২০২৫ রবিবার বিনা জরিমানায় দ্বিতীয় তারিখ হিসেবে ছাত্রদের জুলাই ও আগস্ট মাসের বেতন ও অন্যান্য ফি [আইসিটি ফি] আদায় করা হবে। এই সাথে প্রাক-নির্বাচনি পরীক্ষার ফি আদায় করা হবে। পরীক্ষার ফি ৬০০/- [ছয়শত] টাকা মাত্র।
২. অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২৫-এ শিক্ষার্থীদের টিউটোরিয়াল পরীক্ষার সাথে CA [নিয়মিত উপস্থিতি, শৃঙ্খলা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, সঠিক ইউফিরম, শ্রেণি-পাঠে মনোযোগ, বিদ্যালয় পলায়ন না করা ইত্যাদি] নম্বর যোগ করে ফলাফল ঘোষণা করা হয়েছে। বার্ষিক পরীক্ষাতেও এটি অব্যাহত থাকবে। শিক্ষার্থীদের এ-ব্যাপারে সজাগ, সচেতন, সতর্ক থাকতে বলি।
৩. কিছু শিক্ষার্থীর আচরণ, শৃঙ্খলা, পাঠে মনোযোগ মোটেই সন্তোষষজনক নয়। সময়ে সময়ে তাদের শৃঙ্খলা-ভঙ্গ, সহপাঠীর সাথে দ্বন্দ্ব-সংঘাতে জড়িত হওয়ার মতো অনাকাঙ্খিত, অনভিপ্রেত ঘটনা ঘটে। এরকম ঘটনায় জড়িত থাকায় পঞ্চম শ্রেণির দুজন শিক্ষার্থীকে লঘু শাস্তি হিসেবে দুই সপ্তাহের জন্য ক্লাস-বিরতি প্রদান করা হয়েছে। তারা পুনর্বার এরকম অভিযোগে অভিযুক্ত হলে অঙ্গীকার অনুযায়ী তাদের উপযুক্ত শাস্তি [টিসি বা বিদ্যালয় ছাড়পত্র] প্রদান করা হবে।
৪. দশম শ্রেণিতে অধ্যয়নরত, ২০২৬ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার্থীদের প্রস্তুতি যাচাই হিসেবে অর্ধ-বার্ষিকের সাথে একটি প্রস্তুতিমূলক পরীক্ষা গ্রহণ করা হয়। কিন্তু দশম শ্রেণি খ শাখার চারজন শিক্ষার্থী কোনোরকম যোগাযোগ না করে বিনা অনুমতিতে পরীক্ষায় অংশগ্রহণ করা থেকে বিরত থাকে। কেন তারা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তা অভিভাবকের মাধ্যমে জানাতে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের পত্র ইস্যু করা হয়েছে। অন্যান্য শিক্ষার্থীদের ভবিষ্যতে এধরনের কর্মকাণ্ড থেকে বিরত থাকার জন্য বলি।

১১.৮.২০২৫
..............................
মো. মোস্তাক হাবিব
প্রধান শিক্ষক
হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় রাজশাহী

**প্রচার ও কার্যার্থে-**
১. সংশ্লিষ্ট সকল
২. সহকারী প্রধান শিক্ষক এবং সকল সিনিয়র ও সহকারী শিক্ষক, এই বিদ্যালয়
৩. ড. শাফিয়া আফরোজ সরওয়ার, সিনিয়র শিক্ষিকা, এই বিদ্যালয়
[প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও অনলাইন প্রচার]
৪. অফিস সহকারী [নোটিশ খাতা ও নোটিশ বোর্ডে প্রচার]
৫. সকল শিক্ষার্থী, প্রথম থেকে দশম শ্রেণি